

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১৩ এপ্রিল, ২০২৩ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩-০৪-২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: এরশাদ মিয়া এর নেতৃত্বে “আল-বাইক” গুলশান-২, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে, অভিযুক্ত ব্যক্তি জানান যে, তার প্রতিষ্ঠানটির নিবন্ধন করা আছে। তবে প্রতিষ্ঠানটির ম্যানেজার উপস্থিত না থাকায় তাৎক্ষণিক ভাবে নিবন্ধন পত্রাদি প্রদর্শনে ব্যর্থ হয়। পরবর্তিতে কিছু সময় পর ম্যানেজার এসে তার প্রতিষ্ঠানটির নিবন্ধনপত্র ও প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রদর্শনে সক্ষম হন। প্রতিষ্ঠানের রান্নাঘরে কিছু লেবেলবিহীন খাদ্যপণ্য পাওয়া যায় এবং সামান্য নোংরা অবস্থায় পাওয়া যাওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে এসকল সমস্যা সমাধানের জন্য এক মাসের সময় দেয়া হয়।

“আল-বাইক” কর্তৃপক্ষকে সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। “আল-বাইক” কর্তৃপক্ষও নির্দেশনা অনুসরণ করবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুস ছালাম মৃধা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টিম উপস্থিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২৭৬৮৫

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।